

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয় শাখা
www.gsb.gov.bd

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর আগস্ট/২০২০ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---------------|--|
| সভাপতি | : ড. মহঃ শের আলী মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), জিএসবি |
| তারিখ | : ২৪ আগস্ট, ২০২০ |
| সময় | : বেলা ০২:৩০ ঘটিকা |
| স্থান | : অধিদপ্তরের ৪র্থ তলার সভাকক্ষ |
| উপস্থিত সদস্য | : পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর সভাপতি পরিচালক (অপারেশন ও সমন্বয়) কে দিনের কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরুর অনুরোধ করেন।

সভার আলোচ্য সূচিসমূহ:

১. বিগত ২৭-০২-২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ।
২. বিগত ২৭-০২-২০২০ তারিখের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও নতুন বিষয়াদির পর্যালোচনা।

পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন সদস্যের দ্বিমত না থাকায় কার্যবিবরণী নিশ্চিত করেন অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অপারেশন ও সমন্বয়) বিগত মাসের সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|-----------------------------|---|--|--|
| ভূবিজ্ঞান সংক্রান্ত: | | | |
| ১। | অধিদপ্তরের কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সকল শাখা হতে ডিপিপি প্রণয়ন করে জমা দেবার বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনার শুরুতে উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব) জনাব মুনীর হোসেন বলেন, প্রথমে জিএসবি'র জন্য ভিশন তৈরী করে এ ভিশনের আলোকে ডিপিপি প্রণয়ন অধিকতর যুক্তিযুক্ত হবে। এরপরে মহাপরিচালকের জিজ্ঞাসার পরিপ্রেক্ষিতে পরিচালক (পরিবহন ও বাস্তবায়ন), জনাব মোহাম্মদ আব্দুল আজিজ পাটওয়ারী জানান, জিএসবি'র ভিশন তৈরী করা আছে এবং এপিএ-তে বিষয়টি উল্লেখ করা আছে। কিন্তু জিএসবি ভবিষ্যৎ কার্যক্রমের জন্য সমন্বিতভাবে ডিপিপি তৈরীর ক্ষেত্রে কিছু ঐক্যমত্যের অভাব রয়েছে। জনাব মো: নুরুদ্দিন সরকার, পরিচালক (ভূতত্ত্ব) ইতোপূর্বে প্রতিটি শাখা হতে যে ডিপিপি'র প্রস্তাবনা তৈরী করে জমা দেয়া হয়েছিল সেগুলোর অগ্রগতি সম্পর্কে জানতে চান। এর প্রেক্ষিতে পরিচালক (পরিবহন ও বাস্তবায়ন) জানান, জিএসবির ভবিষ্যৎ কর্মপরিকল্পনা প্রণয়নসংক্রান্ত একটি কমিটির মাধ্যমে কাজ চলমান রয়েছে। | ক) স্বতন্ত্র/সমন্বিতভাবে ডিপিপি কাজ করা যেতে পারে। খ) সমন্বিত ডিপিপি তৈরীর লক্ষ্যে গঠিত কমিটি কাজ অব্যাহত রাখবে এবং কাজের উপর ভিত্তি করে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। | প্রকল্প প্রণয়ন কমিটি এবং ভবিষ্যৎ পরিকল্পনা প্রণয়ন কমিটিসহ ডিপিপি তৈরীর লক্ষ্যে গঠিত অন্যান্য কমিটি |
| ২। | ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থবছরের সমাপ্ত বহিরজ্ঞান কর্মসূচি হতে প্রাপ্ত ফলাফলের উপর দলপ্রধানগণের presentation প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এই প্রেক্ষিতে প্রকাশনা ও প্রশিক্ষণ শাখার প্রধান জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) জানান, প্রতিটি টিম বহিরজ্ঞানে যাবার পূর্বে এবং বহিরজ্ঞান কার্যক্রম শেষে | ক) বহিরজ্ঞান কর্মসূচির কার্যক্রমের উপর একটি নীতিমালা তৈরী করতে হবে। খসড়া নীতিমালা তৈরীর জন্য প্রস্তাবিত কমিটি- | পরিবহন ও বাস্তবায়ন শাখা, সংশ্লিষ্ট কমিটি এবং প্রকাশনা ও |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|--------------------------|---|---|---|
| | তাদের চাহিদা প্রদানের ভিত্তিতে প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা হতে presentation এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) জানান, এক্ষেত্রে যে সকল দল আগে বহিরঞ্জে যাবে তাদের presentation আগে ও যারা পরে যাবে তাদের presentation পরে দেয়ার ব্যবস্থা করতে হবে। এই আলোচনার প্রেক্ষিতে উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব) জনাব মুনির হোসেন বলেন, প্রতিটি বহিরঞ্জন কর্মসূচির প্রতিবেদন জমা দিতে হবে এবং সম্ভব হলে প্রতিবেদনের সার-সংক্ষেপ সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানে পাঠাতে হবে। তিনি এ সংক্রান্ত একটি নীতিমালা তৈরীর প্রস্তাব পেশ করেন। এছাড়াও জনাব মঈন উদ্দিন আহমেদ, পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, প্রতিবেদন তৈরীর প্রক্রিয়াকে ত্বরান্বিত করার লক্ষ্যে শাখা প্রধানদের মনিটরিং বাড়াতে হবে। জনাব নিজাম উদ্দিন আহমেদ, পরিচালক (ভূপদার্থ) জানান, যেহেতু প্রকাশিত প্রতিবেদন ছাড়া জিএসবি কোন প্রতিবেদন অন্যান্য প্রতিষ্ঠানকে দিতে পারে না তাই প্রতিবেদনগুলো অতি দ্রুত প্রকাশের যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জনাব নুরুদ্দিন সরকার, আন্তায়ক, জনাব আব্দুল বাকী খান মজলিশ, সদস্য ও ড. মো: বজলার রশীদ, সদস্য সচিব। কমিটি দেড় মাসের মধ্যে নীতিমালার খসড়া তৈরী করে মহাপরিচালক বরাবর পেশ করবে। খ) সংশ্লিষ্ট শাখা হতে প্রস্তাব প্রাপ্তি সাপেক্ষে প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা হতে presentation এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। গ) প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা হতে জিএসবির অপ্রকাশিত প্রতিবেদনগুলো প্রকাশের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। | প্রশিক্ষণ শাখা |
| ৩। | বৈশ্বিক রসায়ন শাখার ল্যাবের জন্য জায়গা বরাদ্দ সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট শাখা প্রধান জনাব আহমেদ আতাউল মুনীম, পরিচালক (রসায়ন) পূর্ববর্তী সভায় উত্থাপনের প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে ল্যাবের জায়গা বরাদ্দের বিষয়টির সমাধান করতে হবে মর্মে সভাকে অবহিত করেন। কোভিড-১৯ পরিস্থিতির জন্য পরিদর্শনের কাজটি বিলম্বিত হয়েছে। | ক) মহাপরিচালক মহোদয় আলোচনার মাধ্যমে পরবর্তীতে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন। | অপারেশন ও সমন্বয় শাখা |
| প্রশাসনিক আলোচনা: | | | |
| ১। | চট্টগ্রাম, খুলনা ও মিরপুরে অবস্থিত জিএসবি'র জমির মাল্টি পারপাস প্ল্যানসহ ডিপিপি প্রণয়ন ও নকশা সংক্রান্ত আলোচনায় সভাপতি মহোদয়কে উপ-পরিচালক (অপারেশন ও সমন্বয়) জনাব মো: কামরুল আহসান জানান, মিরপুরের জমির মাল্টি পারপাস প্ল্যান এর অনুমোদনের জন্য গুলশান রাজউকে এবং গৃহায়ন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হয়েছে। মহাপরিচালক মহোদয় এই বিষয়ে গৃহায়ন কর্তৃপক্ষের কোন সেকশনের সদস্যের সাথে যোগাযোগ করতে হবে সেই খোঁজ নিতে বলেন। চট্টগ্রাম অফিসের জন্য রাজস্ব বাজেটের আওতায় স্থাপনা তৈরীর জন্য ডিজিটাল সার্ভের কাজ সম্পন্ন হয়েছে। বাজেট প্রাক্কলনের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়াও খুলনা অফিসের জমির রেজিস্ট্রেশনের কাজ সংশ্লিষ্ট ডিসি অফিসে প্রক্রিয়াধীন রয়েছে বলে উপ-পরিচালক (অপারেশন ও সমন্বয়) জনাব মো: কামরুল আহসান মহাপরিচালক মহোদয়কে অবহিত করেন। | ক) মিরপুরের জমির জন্য মহাপরিচালক মহোদয় গৃহায়ন কর্তৃপক্ষের সংশ্লিষ্ট ব্যক্তির সাথে যোগাযোগ করবেন। | অপারেশন ও সমন্বয় শাখা |
| ২। | প্রয়োজনীয় ভূ-বৈজ্ঞানিক যন্ত্রাংশ ক্রয় ও মেরামত সংক্রান্ত আলোচনায় উপ-পরিচালক (অপারেশন ও সমন্বয়) সভাকে জানান যে, ইতোপূর্বে গাড়ির জন্য আংশিক TO&E তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। আংশিক TO&E প্রেরণের প্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদার ভিত্তিতে এ সংক্রান্ত বিভিন্ন কাগজপত্র প্রেরণের প্রক্রিয়া চলছে। এছাড়াও, যন্ত্রপাতি TO&E ভুক্ত করার কাজ চলমান রয়েছে। অতঃপর মহাপরিচালক মহোদয় জানতে চান, চলমান অর্থবছরের জন্য গাড়ি ক্রয় বিশেষতঃ কর্মচারীদের জন্য বাস ক্রয়ের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ এবং জিএসবি'র ক্যান্টিন বরাদ্দের বিষয়ে জানতে চান। জনাব মো: কামরুল আহসান, উপ-পরিচালক (অপারেশন ও সমন্বয়) জানান, বর্তমান কোভিড-১৯ পরিস্থিতির জন্য | ক) ভূ-বৈজ্ঞানিক যন্ত্রপাতি এবং গাড়ি TO&E ভুক্ত করার কাজটি সময় সাপেক্ষ এবং এটি যথাযথ প্রক্রিয়ায় সম্পাদন করতে হবে। খ) কর্মচারীদের জন্য বাস ক্রয়ের পূর্ব পর্যন্ত তাদেরকে কর্মচারি কল্যাণ বোর্ডের গাড়ি ব্যবহারে উৎসাহিত করতে হবে। গ) নতুন টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে ক্যান্টিন বরাদ্দের কাজ শুরু করতে হবে এবং কোভিড | ক) অপারেশন ও সমন্বয় শাখা এবং ক্যান্টিন বরাদ্দের লক্ষ্যে গঠিত কমিটি |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|------|---|---|---|
| | এই অর্থবছরে গাড়ি ক্রয়ের প্রস্তাব পাঠানো যাবে না। জিএসবি'র ক্যান্টিন বরাদ্দের বিষয়ে জনাব নিজাম উদ্দিন আহমেদ, পরিচালক (ভূপদার্থ) জানান, নতুন টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে ক্যান্টিন বরাদ্দের কাজ করা হবে। | পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত ক্যান্টিন বন্ধ রাখা যুক্তিসঙ্গত হবে। | |
| ৩। | প্রতিটি দপ্তর/ অধিদপ্তর/ স্বায়ত্তশাসিত সংস্থা তাদের নিজ নিজ আইন ও বিধি দ্বারা পরিচালিত হয়ে থাকে। কিন্তু জিএসবির ক্ষেত্রে অদ্যাবধি কোন আইন ও বিধি প্রণীত হয় নাই। নিজস্ব আইনের প্রয়োজনীয়তা ও গুরুত্ব বিবেচনা করে পরবর্তীতে এই সংক্রান্ত একটি কমিটি গঠিত হয়েছে। | ক) মহাপরিচালক মহোদয় কমিটির সাথে আলোচনা করবেন। | জিএসবির নিজস্ব আইন ও বিধি প্রণয়ন সংক্রান্ত কমিটি |
| ৪। | জিএসবি'র জন্য প্রয়োজনীয় বিষয়ভিত্তিক বই, অনলাইন জার্নাল সাবস্ক্রিপশনের ব্যবস্থা এবং ডিজিটাল ডাটা সংরক্ষণের জন্য Blue ray ডিস্ক এর মাধ্যমে ডাটা সংরক্ষণ নিয়ে সভায় আলোচনা হয়। সভায় প্রকাশনা ও প্রশিক্ষণ শাখার শাখা প্রধান জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) উল্লেখ করেন, উপযুক্ত সরবরাহকারীর অভাবে আমরা লাইব্রেরীর জন্য প্রয়োজনীয় বই কিনতে পারছি না। এক্ষেত্রে সমস্যা সমাধানের লক্ষ্যে চলমান অর্থবছরের শুরু থেকেই প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা কাজ করেছে। অতঃপর দূর অনুধাবন ও জিআইএস শাখার শাখা প্রধান জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) Blue ray ডিস্ক এর মাধ্যমে ডাটা সংরক্ষণের প্রয়োজনীয়তা তুলে ধরেন। | ক) প্রকাশনা ও প্রশিক্ষণ শাখার শাখা প্রধান জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) বিষয়ভিত্তিক বই ক্রয় এবং অনলাইন বই/ জার্নাল সাবস্ক্রিপশনের বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনাপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। খ) Blue ray ডিস্ক এর মাধ্যমে ডাটা সংরক্ষণের জন্য দূর অনুধাবন ও জিআইএস শাখার শাখা প্রধান জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনাপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সংশ্লিষ্ট শাখাপ্রধানগণ |
| ৫। | জিএসবি'র ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির বিভিন্ন পদে জনবল নিয়োগ সংক্রান্ত আলোচনায় মহাপরিচালক মহোদয়ের জিজ্ঞাসার প্রেক্ষিতে উপ-পরিচালক (অপারেশন ও সমন্বয়) জনাব মো: কামরুল আহসান জানান, ১ম ও ২য় শ্রেণির বিভিন্ন পদের জন্য পিএসসি থেকে নিয়োগ বিজ্ঞপ্তি ইতোমধ্যেই প্রকাশিত হয়েছে। এছাড়াও, ৩৮-তম বিসিএস হতে ননক্যাডার ছক পূরণ করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ৩য় ও ৪র্থ শ্রেণির জন্য নিয়োগ বিজ্ঞপ্তির কাজ চলমান রয়েছে। | ক) যত দ্রুত সম্ভব জনবল নিয়োগের ব্যবস্থা করতে হবে। | অপারেশন ও সমন্বয় শাখা এবং নিয়োগ কমিটি |
| ৬। | আগামি ১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ সময়কাল মুজিব বর্ষ হিসাবে উদযাপন করা হবে। মুজিব বর্ষ যথাযথভাবে উদযাপনের লক্ষ্য গঠিত কমিটির সভাপতি অনুপস্থিত থাকায় কমিটির সদস্য জনাব মো: কামাল হোসেন, উপ-পরিচালক (ভূতত্ত্ব) জানান, ইতোমধ্যে মুজিব বর্ষ উদযাপনের লক্ষ্য গঠিত কমিটি শোক দিবস পালনের কাজ যথাযথভাবে সম্পন্ন করেছে। তিনি আরও উল্লেখ করেন, মুজিব বর্ষ উপলক্ষ্যে জিএসবি কর্তৃক গৃহীত বছরব্যাপী কর্মপরিকল্পনাসমূহ কোভিড-১৯ এর কারণে স্থগিত করা হয়েছে। তবে জিএসবির লাইব্রেরিতে মুজিব কর্নার স্থাপনের বিষয়টি এখনও পরিকল্পনাধীন আছে। | ক) মুজিব বর্ষ উদযাপন উপলক্ষ্যে জিএসবির লাইব্রেরিতে মুজিব কর্নার স্থাপনের পূর্বে এটি যেন যথাযথ মর্যাদাপূর্ণ ও সুন্দর হয় সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |
| ৭। | নতুন যোগদানকৃত কর্মকর্তাদের বুনিয়েদি প্রশিক্ষণ/ ওরিয়েন্টেশন প্রদানের লক্ষ্যে আভ্যন্তরীণ প্রশিক্ষণ বিষয়ে প্রকাশনা ও প্রশিক্ষণ শাখার শাখা প্রধান জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) জানান, মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক তিনি ৩দিন ব্যাপি প্রশিক্ষণের একটি খসড়া কর্মপরিকল্পনা তৈরী করেছেন এবং | ক) প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় বাজেট তৈরী করে অনুমোদন নিতে হবে। খ) রিসোর্স পারসনের বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সাথে | প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|------|--|--|------------------------|
| | মহাপরিচালক মহোদয়ের নিকট এটি পেশ করেন। মহাপরিচালক মহোদয় এই প্রেক্ষিতে প্রশিক্ষণের গুরুত্ব উল্লেখপূর্বক সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে প্রশিক্ষণ আয়োজনের নির্দেশনা প্রদান করেন। | আলোচনা করতে হবে। | |
| ৮। | জনাব আব্দুল বাকী খান মজলিশ, পরিচালক (ভূতত্ত্ব) জানান, Geological Heritage হিসাবে ঘোষিত সিলেট জেলার গোয়াইনঘাটের জমির অধিগ্রহণ সংক্রান্ত কার্যাবলী অদ্যবধি সম্পন্ন হয় নাই। বর্তমানে ঐ এলাকার এডিসি মামলার পুনঃতদন্ত পরিচালনা করছেন। মহাপরিচালক মহোদয় সিলেট জেলার ডিসি মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে জমির অধিগ্রহণ কাজ ত্বরান্বিত হতে পারে মর্মে জনাব আব্দুল বাকী খান মজলিশ, পরিচালক (ভূতত্ত্ব) অবহিত করেন। জমির অধিগ্রহণ কাজ সম্পন্ন হলে তারপরে ঐ এলাকা নিয়ে পরিকল্পনামাফিক কাজ সম্পন্ন করা সম্ভব হবে। | ক) মহাপরিচালক মহোদয় সিলেট জেলার ডিসি মহোদয়ের সাথে সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করবেন। | সংশ্লিষ্ট কমিটি |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/
১০/০৯/২০২০
(ড. মহঃ শের আলী)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

তারিখ: ১০/০৯/২০২০ খ্রি।

নং-২৮.০৫.০০০০.০০৪.০১.০৪৪.১৮/ ১৭৪২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা(প্রয়োজ্য ক্ষেত্রে)গ্রহণের জন্য প্রেরণ করা হল:-

- ১। সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
- ২। সভাপতি, আইসিটি ও ওয়েব টিম (জিএসবি'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ), জিএসবি, ঢাকা।
- ৩। শাখা প্রধান/প্রকল্প পরিচালক/সেল প্রধান -----জিএসবি, ঢাকা।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জিএসবি, ঢাকা।

(মঈনউদ্দিন আহম্মেদ)
পরিচালক (অপারেশন ও সমন্বয়)